

মানবজমিন

শনিবার ১৯শে জুলাই ২০০৮

ব্র্যাক ইউনিভার্সিটি সেন্টার ফর ল্যাঙ্গুয়েজেস চালু হলো

সম্প্রতি ব্র্যাক ইউনিভার্সিটিতে চালু হলো সেন্টার ফর ল্যাঙ্গুয়েজেস। এই সেন্টার এখন থেকে বাংলা ছাড়াও স্প্যানিশ, ফ্রেঞ্জ, চাইনিজ, রাশিয়ান ও অন্যান্য বিদেশী ভাষার মৌলিক ও সাধারণ বিষয়সমূহের ওপর কোর্স চালু করবে। প্রফেসর নজরুল ইসলাম, চেয়ারম্যান, ইউনিভার্সিটি গ্রান্টস কমিশন গতকাল বৃহস্পতিবার ব্র্যাক সেন্টারে এর উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান হিসেবে উপস্থিত ছিলেন। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন ব্র্যাক ইউনিভার্সিটির প্রো-ভাইস চ্যান্সেলর ড. সালেহ উদ্দীন আহমেদ। রেজিস্ট্রার মাহমুদ হাসান, ব্র্যাক বিজনেস স্কুল প্রফেসর ইফতেখার গণি চৌধুরী, বিভিন্ন বিভাগের পরিচালকবৃন্দ ও স্বনামধন্য শিক্ষাবিদ প্রমুখ উক্ত অনুষ্ঠানে উপস্থিত ছিলেন। ব্র্যাক ইউনিভার্সিটির শিক্ষার্থীদের ইংরেজি ভাষার দক্ষতা উন্নয়নের লক্ষ্যে ২০০৫ সালে সেন্টার ফর ল্যাঙ্গুয়েজেস (পূর্ব নাম ইংলিশ ল্যাঙ্গুয়েজ প্রোগ্রাম)-এর যাত্রা শুরু হয়। সেন্টার ফর ল্যাঙ্গুয়েজেস-এর লক্ষ্য হলো শিক্ষার্থীদের ভাষার দক্ষতা উন্নয়নে সহায়তা প্রদান যার মাধ্যমে তারা স্নাতকোত্তর পর্যায়ে শুধুমাত্র সফলই হবেন না, বরং তাদের পেশাগত জীবনেও কাজে লাগবে। **বিজ্ঞপ্তি**